অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/9/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেট জুড়ে আসক্তি পরিষেবাগুলিকে সহায়তা করার জন্য ওপিওড ব্যবস্থাপনা মূলধনে 55 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি ঘোষণা করেন

নিউ ইয়র্ক স্টেটের ওপিওড সেটেলমেন্ট ফান্ডের মাধ্যমে সেটেলমেন্ট ফান্ডিংয়ের দ্বিতীয় বছরে বরাদ্দ প্রাদান করা হয়েছে

ওপিওড ব্যবহারজনিত রোগের চিকিৎসার ব্যাপক আউটপ্যাশেন্ট ও ওষুধের অ্যাক্সেসের জন্য চিকিৎসা প্রদানকারীদের জন্য অতিরিক্ত 9.5 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য

OASAS আসক্তি পরিষেবা কর্মীদের সহায়তা করার জন্য স্টেটব্যাপী লিডারশিপ ইনস্টিটিউট প্রতিষ্ঠা করবে

কর্মীদের উন্নয়ন প্রচেষ্টার অংশ হিসেবে 5 মিলিয়ন মার্কিন ডলার প্রদত্ত ইন্টার্নশিপ

গভর্নর ক্যাথি হোকল আজ নিউ ইয়র্ক স্টেট জুড়েবিভিন্ন আসক্তি পরিষেবাকে সহায়তা করার জন্য নিউ ইয়র্ক স্টেটের ওপিওড সেটেলমেন্ট ফান্ডের মাধ্যমে 55 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বরাদ্দ এবং অধিগ্রহণের সুযোগগুলিতে অতিরিক্ত 20 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করেছেন। এই মূলধনটি ওপিওড প্রস্তুতকারক ও পরিবেশকদের সাথে একাধিক চুক্তির মাধ্যমে প্রদত্ত কয়েক মিলিয়ন ডলার বিতরণ ও নিউ ইয়র্ক স্টেট জুড়ে ওপিওড ও ওভারডোজ মহামারীর প্রভাবকে মোকাবেলা করার চলমান প্রচেষ্টার উপর ভিত্তি করে বিকশিত হয়। আসক্তির চিকিৎসায় অ্যাক্সেস বৃদ্ধি করতে এবং আসক্তি কর্মীদের সহায়তা করার জন্য দুটি পৃথক উদ্যোগের জন্য অতিরিক্ত মূলধনও প্রদান করা হচ্ছে।

"নিউ ইয়র্ক স্টেট ওপিওড ও ওভারডোজ বিপর্যয়ের মাধ্যমে প্রভাবিত সরবরাহকারী ও কমিউনিটির জন্য নিষ্পত্তির মূলধন পাওয়ার প্রক্রিয়ায় নেতৃত্ব প্রদান করছে যাতে তারা জীবন বাঁচাতে তাদের কাজ চালিয়ে যেতে পারে," **গভর্নর হোকল বলেন**। "আমরা এই সংকটের জন্য দায়ীদরে জবাবদিহিতার আওতায় আনা অব্যাহত রাখব এবং নিশ্চিত করব যে এই চুক্তি থেকে প্রতিটি ডলার ক্ষতিগ্রস্তদের সহায্য করার জন্য ব্যবহার করা হয়েছে।"

অফিস অব অ্যাডিকশন সার্ভিসেস অ্যান্ড সাপোর্টস কমিশনার ড. চিনাজো কানিংহাম বলেন,, "ওপিওড সেটেলমেন্ট ফান্ড অ্যাডভাইজরি বোর্ডের সাথে নিবিড়ভাবে কাজ করে, আমরা প্রতিরোধ, চিকিৎসা, ক্ষতি হ্রাস ও পুররুদ্ধারের উদ্যোগের বিস্তৃত পরিষেবার জন্য 300 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি উপলভ্য করেছি। এই মূলধন আসক্তি পরিষেবাগুলির সম্পূর্ণ ধারাবাহিকতাকে সহায়তা করছে এবং আমাদের জীবন রক্ষাকারী সহায়তা ও সমর্থন অগ্রসর করার অনুমতি দিচ্ছে যাতে সকল নিউ ইয়র্কবাসী তাদের প্রয়োজনীয় পরিষেবা ও সংস্থানগুলি খুজেঁ পেতে সক্ষম হয়।"

স্বাস্থ্য বিভাগের কমিশনার ডা. জেমস ম্যাকডোনাল্ড বলেন, "গভর্নর হোকলের নেতৃত্বে, আমরা আমাদের সরবরাহকারীদের প্রতিদিন জীবন রক্ষার জন্য প্রয়োজনীয় টুলসগুলি দিয়ে প্রস্তুত করতে সক্ষম। ওপিওড ব্যবস্থাপনা মূলধন এই প্রচেষ্টার জন্য অত্যাবশ্যক। ওপিওড প্রস্তুতকারক ও পরিবেশকদের জবাবদিহিতার মাধ্যমে, যাদের সহায়তার প্রয়োজন রয়েছে, তাদের ক্ষতি হ্রাস পরিষেবা, চিকিৎসা ও স্বাধীনভাবে এই পারিষেবাগুলি অ্যাক্সেসের উপায়গুলিতে অব্যাহত অ্যাক্সেসের অনুমতি প্রদান করে আমরা আরও বেশি নিউ ইয়র্কবাসীদের কাছে পৌঁছাতে সক্ষম হয়েছি।"

55 মিলিয়ন মার্কিন ডলারের মূলধনের মাধ্যমে সহায়ক উদ্যোগগুলি নিম্নরূপ:

<u>নন-মেডিকেল পরিবহন</u>
এই উদ্যোগের মাধ্যমে প্রদত্ত মূলধন সরবরাহকারীদের মাদক ব্যবহার জনিত সমস্যাগুলির জন্য চিকিৎসা প্রতিরোধ, পুনরুদ্ধার বা ক্ষতি হ্রাস পরিষেবাগুলিতে তালিকাভুক্ত বা সন্ধানকারী ব্যক্তিদের জন্য একটি পরিবহন কর্মসূচি উন্নয়নে সহায়তা করবে।

এই উদ্যোগটি ব্যক্তিদেরকে বিভিন্ন গন্তব্যে যাতাযাত ও তাদের ব্যক্তিগত পুনরুদ্ধার প্রচেষ্টা এবং লক্ষ্যগুলিতে সহায়তা করে তাদের পরিবহন সরবরাহ করতে সাহায্য করবে। এছাড়াও, এই উদ্যোগটি দীর্ঘমেয়াদি পরিবহন স্বাধীনতার অগ্রগতির জন্য তাদের নিজস্ব পরিবহন পরিকল্পনা উন্নয়নে মানুষকে সহায়তা করবে। এই উদ্যোগের মাধ্যমে প্রদত্ত মূলধন তাদের বর্তমান চুক্তিতে এক বছরের মেয়াদ বৃদ্ধি করবে।

প্রাপকদের তাদের স্টেট ওপিওড রেসপন্স (State Opioid Response, SOR) এর আঞ্চলিক নেটওয়ার্কের মাধ্যমে নীচে তালিকাভুক্ত করা হয়েছে। এই উদ্যোগ থেকে প্রত্যেক প্রাপক 240,000 মার্কিন ডলার পাচ্ছেন।

ব্রুকলিন

- অ্যাডভান্সড হেলথ নেটওয়ার্ক, ইনকর্পোরেটেড (Advanced Health Network, Inc.)

ক্যাপিটাল

- ক্যাপিটাল বিহেভিয়ারাল হেলথ কোলাবোরেটিভ (Capital Behavioral Health Collaborative)

সেন্ট্রাল

- হেলিও হেলথ, ইনকর্পোরেটেড (Helio Health, Inc.)

সিটিব্যাপী

- কোঅর্ডিনেটেড বেহেভিওরাল কেয়ার ইনকর্পোরেটেড (Coordinated Behavioral Care Inc.)

কোঅর্ডিনেটেড বেহেভিওরাল হেলথ

- কোঅর্ডিনেটেড বেহেভিওরাল হেলথ সার্ভিস IPA (Coordinated Behavioral Health Services IPA)

ফিঙ্গার লেকস

- ফিঙ্গার লেকস এরিয়া কাউন্সেলিং এন্ড রিকভারি এজেন্সি, ইনকর্পোরেটেড (Finger Lakes Area Counseling and Recovery Agency, Inc.)

লং আইল্যান্ড

- অ্যাডভান্সড হেলথ নেটওয়ার্ক, ইনকর্পোরেটেড (Advanced Health Network, Inc.)

মোহক ভ্যালি

- এডিকশন সেন্টার ব্রুম কাউন্টি ইনকর্পোরেটেড (Addiction Center Broome County, Inc.)

নর্থ কান্ট্রি

- অ্যালকোহল/মাদকের অপব্যবহার প্রতিরোধের জন্য সিওয়ে ভ্যালি কাউন্সিল ইনকর্পোরেটেড (Seaway Valley Council for Alcohol/Substance Abuse Prevention, Inc.)

ভ্যালু নেটওয়ার্ক (ওয়েস্টার্ন)

- সেভ দ্য মাইকেলস অব দ্য ওয়ার্ল্ড, ইনকর্পোরেটেড (Save the Michaels of the World, Inc.)

আপস্টেট নিউ ইয়র্ক ইন্টিগ্রেটেড কেয়ার নেটওয়ার্ক

- CASA-ট্রিনিটি, ইনকর্পোরেটেড (CASA-Trinity, Inc.)

কুইন্স

- এলমকোর ইয়ুথ অ্যান্ড অ্যাডাল্ট অ্যাক্টিভিটিস, ইনকর্পোরেটেড (Elmcor Youth & Adult Activities, Inc.)

<u>রিকভারি কমিউনিটি অ্যান্ড আউটরিচ সেন্টারস</u>

পুনরুদ্ধার সহায়তা পরিষেবাগুলি উন্নত ও সমৃদ্ধি করতে রিকভারি কমিউনিটি অ্যান্ড আউটরিচ সেন্টারগুলিকে অতিরিক্ত 6 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হচ্ছে। এটি বর্তমান মূলধনের একটি সংযোজন যা সকল পুররুদ্ধার কেন্দ্রের বার্ষিক বাজেট 535,000 মার্কিন ডলারে আনতে গত বছর উপলভ্য করা হয়েছিল।

এই মূলধনটি কর্মী, অবকাঠামো ও প্রযুক্তির উন্নতি, সরঞ্জার, প্রশিক্ষণ ও ছোটখাটো সংস্কার সহ বিভিন্ন উদ্দেশ্যে ব্যবহার করা যেতে পারে।

লোকাল ইমপ্যাক্ট উদ্যোগ রাউন্ড 1 ও 2

এই উদ্যোগটি ছোট অলাভজনক সংস্থাগুলিকে তাদের কমিউনিটি-ভিত্তিক কাজকে সহায়তা করার জন্য 9,500 পর্যন্ত গ্রহণ করতে মূলধন প্রদান করে। যোগ্য সরবরাহকারীগণ হল বার্ষিক 750,000 মার্কিন ডলার এরও কম আয়ের সাথে ক্ষুদ্র অলাভজনক সংস্থা মোপ, 34 জন প্রাক (প্রথম রাউন্ডে 18 জন এবং রাউন্ড 2 এ 16 জন) রয়েছে যারা মোট 322,075 মার্কিন ডলার পেয়েছে।

রিজিওনাল অব্যাটমেন্টস

বন্দোবস্ত চুক্তির শর্তাবলী অনুসারে 2024 সালের OSF বরাদ্দ থেকে 46 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি পৌরসভা ও স্থানীয় সরকারকে প্রদান করা হয়েছে। সত্তার বিবেচনার ভিত্তিতে এবং নিষ্পত্তি চুক্তির অধীনে এই ডলারগুলির ব্যবহার অনুমোদিত ব্যবহারের নথির মাধ্যমে পরিচালিত, যা OASAS ওয়েবসাইটে দেখার জন্য উপলভ্য।. গত বছর, 2023 সালের OSF আঞ্চলিক অব্যাটমেন্ট মূলধনের মাধ্যমে পৌরসবাগুলিকে 64 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি প্রদান করা হয়েছিল

OASAS এর মাধ্যমে উপলভ্য অতিরিক্ত অধিগ্রহণ এবং আবেদনের সুযোগগুলির মধ্যে রয়েছে:

কম্প্রিহেনসিভ আউটপেশেন্ট চিকিৎসা কর্মসূচি - RFA

নিউ ইয়র্ক স্টেট জুড়ে চিকিৎসা সম্প্রসারণকে সহায়তা করার জন্য OASAS নুতন বিস্তৃত আউটপেশেন্ট রোগীদের চিকিৎসা কর্মসূচিগুলির মূলধনের জন্য 9.5 মিলিয়ন মার্কিন ডলারের আবেদনের জন্য একটি আবেদন ঘোষণা করেছে। কর্মসূচিগুলি স্টেট জুড়ে ওপিওড ব্যবহারজনিত সমস্যাগুলির জন্য ওষুধের চিকিৎসা সহ ব্যক্তি-কেন্দ্রিক, বিস্তৃত চিকিৎসা পরিষেবাগুলির অ্যাক্সেস করার আরো সুযোগ প্রদান করে।

এই মূলধনপ্রাপ্ত কর্মসূচিগুলি একই সাইটে একটি আউটপেশেন্ট চিকিৎসা কর্মসূচি ও একটি ওপিওড চিকিৎসা কর্মসূচি (opioid treatment program, OTP)উভয়ই পরিচালনা করবে।

লিডারশিপ ইনস্টিটিউট - RFP

OASAS একটি নতুন বিস্তৃত পেশাদার উন্নয়ন কর্মসূচি প্রতিষ্ঠার প্রস্তাবের জন্য একটি অনুসন্ধান জারি করছে যা OASAS সিস্টেমের তত্ত্বাবধানের মধ্যে কর্মক্ষেত্রে একটি ব্যবস্থাপনা ট্র্যাকে মানুষদের সহায়তা করবে।

লক্ষ্যটি হলো অংশগ্রহণকারীদের কার্যকর ব্যবস্থাপক হওয়ার জন্য যারা তাদের টিমকে সহায়তা করতে পারে প্রয়োজনীয় টুলসগুলির দিয়ে সজ্জিত করা, তাদের পেশাগত অগ্রগতি ও উন্নয়ন চালিয়ে যেতে পারে এবং মাদক সেবনজনিত রোগসমূহের জন্য প্রতিরোধ, চিকিৎসা, ক্ষতি হ্রাস এবং পুনরুদ্ধার পরিষেবা সরবরাহ করতে পারে।

<u>পেইড ইন্টার্নশিপ কর্মসূচি</u>

আসক্তি পরিষেবার কর্মীদেরকে আরও সহায়তা করার জন্য ক্রেডেনশিয়ালড অ্যালকোহলিজম অ্যান্ড সাবস্ট্যান্স অ্যাবিউজ কাউন্সেলর (Credentialed Alcoholism and Substance Abuse Counselor CASAC), সার্টিফাইড প্রিভেনশন প্রফেশনাল (Certified Prevention Professional, CPP), অথবা সার্টিফাইড রিকভারি পিয়ার অ্যাডভোকেট (Certified Recovery Peer Advocate, CRPA) কর্মসূচি সম্পন্ন করে এমন শিক্ষার্থীদের প্রদত্ত ইন্টার্নশিপ ও ফিল্ড প্লেসমেন্ট দেওয়ার জন্য স্টেট জুড়ে কলেজ ও কমিউনিটি-ভিত্তিক প্রশিক্ষণ কর্মসূচিগুলিতে 5 মিলিয়ন মার্কিন ডলার নতুবা স্ট্যান্ড-অলোন সার্টিফিকেট কর্মসূচি হিসেবে অথবা অ্যাসোসিয়েটস বা মাস্টার্স ইন সোশ্যাল ওয়ার্ক (Masters in Social Work, MSW) ডিগ্রির সংমিশ্রণে উপলভ্য করা হয়েছে।

এই উদ্যোগটি OASAS-কে আরও বেশি শিক্ষার্থীকে OASAS ওয়ার্ক সেটিংসে তাদের ইন্টার্নশিপ ও ফিল্ড প্লেসমেন্ট করার জন্য নিয়োগের অনুমতি প্রদান করবে, যার ফলশ্রুতিতে OASAS নিয়োগকর্তাগণ তাদের ডিগ্রি বা সার্টিফিকেট কর্মসূচি থেকে স্নাতক সম্পন্ন করার পরে তারা নিয়োগ করতে পারে এমন স্বীকৃত ব্যক্তিদের একটি পাইপলাইনের অনুমতি প্রদান করবে।

নীচে তালিকাভূক্ত কলেজগুলি ও কমিউনিটি ভিত্তিক প্রতিষ্ঠানগুলি এই উদ্যোগের মাধ্যমে মূলধন পাচ্ছে।

মাস্টার্স ইন সোশ্যাল ওয়ার্ক ও CASAC সার্টিফিকেট কর্মসূচি

- SUNY স্টনি ব্রুক ইউনিভার্সিটি

অ্যাসোসিয়েট ডিগ্রি ও CASAC সার্টিফিকেট কর্মসূচি

- CUNY কিংসবোরো কমিউনিটি কলেজ
- SUNY অ্যাডিরনড্যাক কমিউনিটি কলেজ
- SUNY ব্রুম কমিউনিটি কলেজ
- SUNY ক্লিনটন কমিউনিটি কলেজ
- SUNY কর্নিং কমিউনিটি কলেজ
- SUNY এরি কমিউনিটি কলেজ
- SUNY ফুলটন-মন্টগোমারি কমিউনিটি কলেজ
- SUNY হাডসন ভ্যালি কমিউনিটি কলেজ
- SUNY জেমসটাউন কমিউনিটি কলেজ
- SUNY মনরো কমিউনিটি কলেজ
- SUNY নর্থ কান্ট্রি কমিউনিটি কলেজ

- SUNY সাফোক কাউন্টি কমিউনিটি কলেজ
- SUNY সুলিভান কাউন্টি কমিউনিটি কলেজ
- SUNY টম্পকিন্স কর্টল্যান্ড কমিউনিটি কলেজ
- SUNY ওয়েস্টচেস্টার কমিউনিটি কলেজ

কমিউনিটি-ভিত্তিক CASAC, CPP অথবা CRPA কর্মসূচিসমূহ

- ব্যক্তিগত ও পেশাগত উন্নয়নের জন্য এক্সপোনেন্টস সেন্টার (Exponents Center for Personal & Professional Development)
- ফার্নহ্যাম ফ্যামিলি সার্ভিসেস (Farnham Family Services)
- ফ্রেন্ডস অব রিকভারি (Friends of Recovery) - নিউ ইয়র্ক
- হেলিও হেলথ ইনকর্পোরেটেড (Helio Health Inc)
- আউটরিচ ট্রেনিং ইনস্টিটিউট (Outreach Training Institute)
- সামারিটান ডেটপ ভিলেজ ট্রেনিং ইনস্টিটিউট (Samaritan Daytop Village Training Institute)
- সেন্ট জোসেফ পুনর্বাসন কেন্দ্র, ইনকর্পোরেটেড (St. Joseph’s Rehabilitation Center, Inc.)
- অ্যালবানির আসক্তি পরিচর্যা কেন্দ্র (The Addictions Care Center of Albany)

নিউ ইয়র্ক স্টেট অপিওয়েড প্রস্তুতকারক এবং ফার্মাসিউটিক্যাল কোম্পানিগুলির সাথে বিভিন্ন বন্দোবস্তর চুক্তির মাধ্যমে 2 বিলিয়ন ডলারেরও বেশি পাচ্ছে যা অ্যাটর্নি জেনারেল লেটিশিয়া জেমস সুরক্ষিত করেছিলেন। এসব সেটেলমেন্ট থেকে পাওয়া অর্থের একটি অংশ সরাসরি মিউনিসিপ্যালিটিগুলোর কাছে চলে যাবে, এবং অবশিষ্ট অংশ চলমান আফিমজাত পণ্যের মহামারী মোকাবেলার জন্য প্রতিরোধ, চিকিৎসা, ক্ষতি কমানো, এবং আরোগ্যলাভের প্রচেষ্টাসমূহে সহায়তা করার জন্য নিবেদিত একটি তহবিলে জমা রাখা হবে।

এই নিবেদিত তহবিল যে আইন দ্বারা প্রতিষ্ঠিত হয়েছে সেই আইন আফিমজাত পণ্যের সেটেলমেন্ট তহবিলের পরামর্শদাতা বোর্ডও তৈরি করেছে, যেটির কাজ হচ্ছে সেটেলমেন্ট হিসেবে পাওয়া অর্থ যাদের প্রয়োজন রয়েছে তাদেরকে সবচেয়ে ভালোভাবে সেবা প্রদান করার জন্য কিভাবে ব্যবহার করা যায় সে ব্যাপারে পরামর্শ প্রদান করা। বোর্ডের সদস্যরা 1 নভেম্বর, 2022-এ ক্ষতি কমিয়ে আনার পরিষেবাসমূহ ও চিকিৎসাকে শীর্ষ অগ্রাধিকার হিসেবে শনাক্ত করে তাদের প্রথম সুপারিশ ইস্যু করেছেন।

নিউ ইয়র্ক স্টেট ওভারডোজ মহামারী সমাধান করার জন্য একটি আগ্রাসী, বহুমাত্রিক পথ বেছে নিয়েছে এবং পূর্ণ প্রতিরোধ, চিকিৎসা, ও নিরাময় সেবা এবং ক্ষতি কমানো সহ আসক্তি পরিচর্যার জন্য দেশের একটি শীর্ষস্থানীয় চিকিৎসার ধারাবাহিকতা তৈরি করেছে। স্টেট প্রথাগত সেবার প্রাপ্যতা সম্প্রসারণ করার জন্য কাজ করেছে, যার মধ্যে রয়েছে সঙ্কটকালীন সেবা, ইনপেশেন্ট, আউটপেশেন্ট ও আবাসিক চিকিৎসা কর্মসূচির পাশাপাশি আসক্তির চিকিৎসার জন্য ওষুধ এবং মোবাইল চিকিৎসা ও পরিবহন সেবাসমূহ।

নিউ ইয়র্ক স্টেটের আসক্তির পরিষেবা এবং সহায়তার দপ্তর প্রতি বছর 731,000 জনের বেশি ব্যক্তিদের পরিষেবা প্রদান করে প্রায় 1,700টি প্রতিরোধ, চিকিৎসা এবং নিরাময়ের প্রোগ্রাম সহ দেশের বৃহত্তম পরিচর্যার মাদকের-ব্যবহার ব্যাধির ব্যবস্থার তত্ত্বাবধান করে। এর মধ্যে আসক্তি সংক্রান্ত 12টি চিকিৎসা কেন্দ্রে সরাসরি কার্যক্রম অন্তর্ভুক্ত রয়েছে, যেখানে আমাদের ডাক্তার, নার্স, ও ক্লিনিক্যাল কর্মীরা প্রতি বছর আনুমানিক 8,000 ব্যক্তিকে হাসপাতালে ভর্তি থাকা রোগীর ও আবাসিক সেবা প্রদান করে থাকে।

আসক্তির সমস্যায় ভোগা নিউ ইয়র্কবাসীগণ অথবা যাদের প্রিয়জন সমস্যায় ভুগছেন তারা স্টেটের টোল-ফ্রি, দিনরাত 24-ঘণ্টা সপ্তাহে 7-দিন খোলা থাকা হোপলাইনে 1-877-8-HOPENY (1-877-846-7369) নম্বরে ফোন করে অথবা HOPENY (শর্ট কোড 467369) লিখে টেক্সট পাঠিয়ে সাহায্য ও সহায়তা খুঁজে নিতে পারেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418